

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৪৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. ঈশার সালাতকে পিছিয়ে দেয়া মুস্তাহাব (পছন্দনীয়)

بَابِ مَا يُسْتَحَبُّ مِنْ تَأْخِيرِ الْعِشَاءِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ أَخْبَرَنَا أَبْنُ جُرَيْجٍ أَخْبَرَنَا الْمُغِيرَةُ بْنُ حَكِيمٍ أَنَّ أَمَّ
كُلُّ ثُومٍ بِنْتَ أَبِي بَكْرٍ أَخْبَرَتْهُ عَنْ عَائِشَةَ قَالَتْ أَعْتَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
ذَاتَ لَيْلَةٍ حَتَّى ذَهَبَ عَامَةُ اللَّيْلِ وَرَقَدَ أَهْلُ الْمَسْجِدِ فَخَرَجَ فَصَلَّاهَا فَقَالَ إِنَّهَا لَوْقْتُهَا لَوْلَا
أَنْ أَشْقَى عَلَى أُمَّتِي

বাংলা

১২৪৬. আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, এক রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈশার সালাত কে পিছিয়ে দিলেন। এমনকি রাত্রির প্রথম (এক-তৃতীয়) অংশ অতিবাহিত হয়ে গেলো। মসজিদে অবস্থানকারী লোকেরা ঘুমিয়ে পড়লো। অতঃপর তিনি বের হলেন এবং ঈশার সালাত আদায় করলেন। তারপর বললেন: “যদি আমার উম্মতের জন্য কষ্টকর হবে বলে আশংকা না করতাম, তবে এটিই এর (ঈশার সালাতের মুস্তাহাব) ওয়াক্ত ছিলো।” [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রায়ঘাক নং ২১১৪; আহমাদ ৬/১৫০; সহীহ মুসলিম ৬৩৮ (২১৯); নাসাই ৫৩৭; আবু আউয়ানাহ ১/৩৬২; বাইহাকী ১/৮৫০; আরও দেখুন, আগের টীকাটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুণ্যনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81529>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন